



প্রিয় সুধীবৃন্দ,

আসসালামু আলাইকুম। জে.বি.সি ইনফু ওয়েব পোর্টাল ব্রাউজ করার জন্য আপনাদেরকে অশেষ ধন্যবাদ। জাপান-বাংলাদেশ কমিউনিটিসহ বিশ্বের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে ছিটিয়ে থাকা বাংলাদেশী কমিউটির খবরা-খবর এবং সত্য প্রকাশের অঙ্গীকার নিয়ে ২০০৮ সালের ১লা জানুয়ারী থেকে জে.বি.সি ইনফু -এর যাত্রা শুরু হয়। শুরু থেকে আজ অবধি কমিউনিটির বিভিন্ন সত্য ও প্রাসঙ্গিক নিউজ দিয়ে যারা জে.বি.সি ইনফুকে বীর দর্পে সামনে এগিয়ে যাওয়ার জন্য সহায়তা করেছেন তাদের সবাইকে জে.বি.সি ইনফুর পক্ষ থেকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আপনাদের আন্তরিক সহযোগিতার ফসল হিসাবে জে.বি.সি ইনফুর জনপ্রিয়তা দিন দিন বেড়ে চলছে। প্রতিদিন বিশ্বের হাজার হাজার বাংলাভাষীরা ব্রাউজ করছে এবং যার ফলে জে.বি.সি ইনফুতে নিউজ প্রকাশ করার সাথেসাথেই অবহিত হতে পারছে আপনাদের বিভিন্ন বস্তুনিষ্ঠ কর্মকান্ড সম্পর্কে।

**কিন্তু সম্প্রতি অত্যন্ত দুঃখের সহিত লক্ষ্য করা যাচ্ছে যে,** জে.বি.সি ইনফু নিউজ ডেস্ক বরাবর পাঠানো পোষ্টার, পিডিএফ ফাইল, ডকুমেন্টস ইত্যাদির অধিকাংশই অসম্পূর্ণ অথবা ভুল, যথাযথ কতৃপক্ষের স্বাক্ষর অনুপস্থিত, প্রেরকের নাম ও যোগাযোগ নম্বর বিহীন।

বিশ্বের অন্যান্য গনমাধ্যমের মত জে.বি.সি ইনফু ওয়েব পোর্টালেও কোন সংগঠন, প্রতিষ্ঠান, রাজনৈতিক দল তাদের নিউজ প্রকাশ করার জন্য পাঠানো পোষ্টারে দায়িত্বশীল ব্যক্তিদের নাম, স্বাক্ষর, ফোন নম্বর উল্লেখ থাকা প্রয়োজন বলে মনে করে। সময়ের সাথে সাথে মানুষের কর্মব্যস্ততা বেড়েছে। তাই পোষ্টারে স্বাক্ষর দিয়ে স্কেন করে ই-মেইলে পাঠানো একটু সময় সাপেক্ষ বিধায় পোষ্টারে অন্তত দায়িত্বশীল ব্যক্তিদের (যেমন: সভাপতি, সাধারণ সম্পাদক, প্রচার সম্পাদক, আহ্বায়ক ইত্যাদি) মধ্যে যেকোন দুই জনের নাম ও ফোন নম্বর উল্লেখ থাকা প্রয়োজন। যাতে করে যে কেউ নিউজটির বিষয়ে অনুসন্ধান করতে পারে।

জে.বি.সি ইনফু একটি স্বাধীন নিরপেক্ষ এবং সত্য প্রকাশে বদ্ধ পরিকর। তাই জে.বি.সি ইনফু কতৃপক্ষ বরাবর পাঠানো যে কোন নিউজের ব্যপারে পোষ্টারে উল্লেখিত দায়িত্বশীল ব্যক্তিদের সাথে যোগাযোগ করার অধিকার রাখে। তাই সবাইকে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য বিনীতভাবে অনুরোধ করা রইল। সত্য খবর প্রকাশে কারো অনুকূলে-প্রতিকূলে মনে হতে পারে সেজন্য জে.বি.সি ইনফু কোনভাবেই দায়ী নয়।

ইচ্ছে করলেই যে যার খুশিমত কোন সংগঠনের নামে গনমাধ্যমে প্রকাশ করতে পারেনা। সেজন্য জে.বি.সি ইনফু নিউজ ডেস্ক বরাবর কোন অনুষ্ঠানের নিউজ পাঠানোর সময় নিম্নের প্রয়োজনীয় তথ্যাবলী দিয়ে সহায়তা করুন।

১. অনুষ্ঠানের নাম।

২. স্থান, তারিখ, সময়।

৩. উক্ত অনুষ্ঠানে উপস্থিত হওয়ার পথরেখা (অতি সন্নিকটে অবস্থিত স্টেশনের নাম)

৪. পোষ্টারে কোন সংগঠন/ব্যবসায়ী সংগঠন/রাজনৈতিক দল/সাংস্কৃতিক সংগঠন/জেলা, বৃহত্তর জেলা, বিভাগীয় সংগঠন/সমিতির নাম উল্লেখ করলে যথাযত অনুমোদিত দায়িত্বশীল ব্যক্তিদের (যেকোন দুই জন) নাম, পদবী, স্বাক্ষর, ফোন নম্বর (\* কিছু ব্যতিক্রম ছাড়া)।

যেকোন প্রকাশিত নিউজের নিচের অংশে উল্লেখিত ব্যক্তিগন নিউজটির দায়ভার গ্রহন করবে তাদের যোগাযোগ নম্বর দেয়া থাকবে। প্রকাশিত নিউজটির সম্পর্কিত কোন মতামত, অনুসন্ধান, অভিযোগ থাকলে উল্লেখিত ফোন নম্বর বরাবর যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নিউজটি প্রকাশিত হবার পরবর্তী সময়ে যদি মিথ্যা বা ভুল প্রমাণিত হয় তাহলে তার দায়ভার নিউজটির প্রেরক ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিতে হবে। জে.বি.সি ইনফু কোনভাবেই দায়ী নয়।

আপনাদের মূল্যবান মতামত ও অভিযোগ জে.বি.সি ইনফু কর্তৃপক্ষ বরাবর পাঠানো বা যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

অসম্পূর্ণ নিউজ এবং নিয়ম বহিভূত অভিযোগ করার মাধ্যমে জে.বি.সি ইনফুকে বিব্রত না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

জে.বি.সি ইনফুর পক্ষ থেকে আবারও সবাইকে শুভেচ্ছা জানিয়ে আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

সম্পাদক

জে.বি.সি ইনফু

(জাপান বাংলাদেশ কমিউনিটি ইনফরমেশন)